# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 06-09-2026** **Time: 1.30 P.M.**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) উৎপাদন, অর্থনীতি, রফতানি সহ বিভিন্ন ক্ষেত্রে ভারত এখন বিশ্বের নেতৃস্থানীয় দেশ হিসেবে উঠে এসেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ গোয়ায় ওয়েস্টার্ন জোনাল কাউন্সিলের ২৮ তম বৈঠকের পৌরোহিত্য করবেন।

৩) কলকাতা সহ দেশের ৮-টি প্রধান হাইকোর্টে নতুন প্রধান বিচারপতি নিয়োগ।

৪) মধ্যপ্রদেশের সাগর জেলায় বিষাক্ত মদ খেয়ে অন্তত ৯ জনের মৃত্যু।

৫) হরমুজ প্রণালীতে তিনটি ট্যাঙ্কার ও মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্ত তিনটি জাহাজে হামলা ইরানের।

৬) মিশরে মাদক পাচারের দায়ে অভিযুক্ত জনপ্রিয় টেলিভিশন উপস্থাপিকা সারা খলিফা সহ ১২ জনের বিরুদ্ধে মৃত্যুদন্ড ঘোষণা।

৭) ভারতের সাত্বিক সাইরাজ র‍্যাঙ্কি রেড্ডি ও চিরাগ শেঠী জুটি আজ চায়না মাস্টার্স ব্যাডমিন্টন প্রতিযোগিতার ফাইনালে খেলতে নামছেন।

---

উৎপাদন, অর্থনীতি, রফতানি সহ বিভিন্ন ক্ষেত্রে ভারত এখন বিশ্বের নেতৃস্থানীয় দেশ হিসেবে উঠে এসেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন। গত সন্ধ্যায় দিল্লিতে শ্রীরাম কলেজ অফ কমার্সে শতবর্ষ উদযাপনী অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় শ্রী মোদী বলেন, আন্তর্জাতিক অনিশ্চয়তার মধ্যেও ভারতের অর্থনৈতিক বিকাশ অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এপ্রিল থেকে জুন মাসের মধ্যে বিদ্যুৎ উৎপাদন ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২ চাকার যানবাহন বিক্রি ২০ শতাংশ এবং ৩ চাকার যানবাহন বিক্রি প্রায় ৩০ শতাংশ বেড়েছে। নির্মাণ, আবাসন এবং বাণিজ্যিক কার্যকলাপ দ্রুত সম্প্রসারিত হচ্ছে। স্মার্ট ফোন রফতানির পরিমাণ আড়াই লক্ষ টাকা ছাড়িয়েছে। দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের পরিমাণ পৌঁছেছে প্রায় ২ লক্ষ কোটি টাকায়। ভারতীয়রা বিশ্বের সামনে দেশকে উৎপাদন হাব হিসেবে গড়ে তুলবে বলে প্রধানমন্ত্রী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

----------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ গোয়ায় ওয়েস্টার্ন জোনাল কাউন্সিলের ২৮-তম বৈঠকে পৌরোহিত্য করবেন। এরপর তিনি একটি সাংবাদিক সম্মেলন করবেন। গোয়ায় বিজেপি-র নব নির্মিত রাজ্য কার্যালয় অটল ভবনের উদ্বোধন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। রাজ্য কোর কমিটির সঙ্গেও তাঁর আজ বৈঠকের কর্মসূচী রয়েছে।

উল্লেখ্য, গতরাতে শ্রী শাহ্ তিনদিনের সফরে গোয়ায় পৌঁছেছেন।

----------------------

নতুন দিল্লিতে আসন্ন ব্রিকস শিখর সম্মেলনের পাশাপাশি 'আই-ব্রিকস' শিখর সম্মেলনও হতে চলেছে। বিভিন্ন দেশের অর্থমন্ত্রী, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং

ব্যবসায়ী নেতৃত্ব এতে অংশগ্রহণ করবেন। ব্রিকস গোষ্ঠীভূক্ত সদস্য ও সহযোগী ২১টি দেশের পরিকাঠামো, জ্বালানি এবং ডিজিটাল সক্ষমতা-ভিত্তিক প্রকল্পগুলোর সঙ্গে সরকারি বা সার্বভৌম পুঁজিকে সংযুক্ত করার লক্ষ্যে এই দুই দিনব্যাপী সম্মেলনের আয়োজন করা হয়েছে।

----------------------

কলকাতা-সহ দেশের আটটি প্রধান হাইকোর্টে নতুন প্রধান বিচারপতি নিয়োগ করা হয়েছে। সুপ্রিম A কোর্টের কলেজিয়ামের সুপারিশের ওপর ভিত্তি করে গতকাল এই নিয়োগে আনুষ্ঠানিক অনুমোদন দেওয়া হয়। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'এক্স'-এ এক বার্তায় এই নতুন নিয়োগের কথা নিশ্চিত করেছেন।

তালিকা অনুযায়ী দিল্লি হাইকোর্টের বিচারপতি ভল্লুরী কামেশ্বর রাওকে পাটনা হাইকোর্টের প্রধান বিচারপতি পদে নিয়োগ করা হয়েছে। বোম্বে হাইকোর্টের বিচারপতি রবীন্দ্র ভি ঘুগেকে দায়িত্ব দেওয়া হয়েছে কলকাতা হাইকোর্টের। ছত্তিশগড় হাইকোর্টের বিচারপতি সঞ্জয় কুমার আগরওয়ালকে রাজস্থান হাইকোর্টের প্রধান বিচারপতি করা হয়েছে। এলাহাবাদ হাইকোর্টের বিচারপতি মহেশ চন্দ্র ত্রিপাঠী নিযুক্ত হয়েছেন বোম্বে হাইকোর্টের প্রধান বিচারপতি পদে।

----------------------

ছত্তিশগড়ের জগদলপুরে অবস্থিত জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ-র বিশেষ আদালত ঝিরাম উপত্যকায় মাওবাদী হামলার ঘটনায় অভিযুক্ত দশজনকেই বিভিন্ন অভিযোগে দোষী সাব্যস্ত করেছে। এই মামলায় মোট এগারোজন অভিযুক্তের বিচার চলছিল, যাদের মধ্যে একজন বিচার চলাকালীন মারা যান।

আদালত দুই মহিলাসহ দশজন অভিযুক্তকেই ২৯ জনকে হত্যা এবং আরও ১৫ জনকে হত্যার চেষ্টার দায়ে দোষী সাব্যস্ত করেছে। সাজা ঘোষণার বিষয়টি ১৬ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

২০১৩ সালের মে মাসে ঝিরাম উপত্যকায় কংগ্রেস নেতাদের একটি গাড়িবহরে মাওবাদীরা হামলা চালায়। এই বর্বরোচিত হামলায় প্রবীণ কংগ্রেস নেতাসহ ২৯ জন নিহত হন। প্রায় দেড় ঘণ্টা ধরে চলা গুলিবর্ষণের ঘটনায় ১৫ জনেরও বেশি মানুষ আহত হয়েছিলেন। জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ এই মামলার তদন্ত করেছিল।

---------------------

লুক্সেমবার্গের উপ-প্রধানমন্ত্রী এবং বিদেশ ও বৈদেশিক বাণিজ্য বিষয়ক মন্ত্রী জেভিয়ার বেটেল ৩ দিনের সফরে  আগামীকাল ভারতে আসছেন। সফরকালে তিনি ভারতের বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন। আই আই টি মাদ্রাজের একটি অনুষ্ঠানেও যোগ দেবেন তিনি।

---------------------

ঝাড়খণ্ডের নগরোন্নয়ন মন্ত্রী সুদীব্য কুমার সোনু গিরিডির একটি হাসপাতালে প্রয়াত হয়েছেন। প্রবল হৃদরোগে আক্রান্ত হওয়ায় তাঁকে ঐ হাসপাতালে ভর্তি করা হয়েছিল। গতরাত দুটোর সময় শ্বাস কষ্ট ও অন্যান্য শারীরিক অসুবিধা নিয়ে তিনি হাসপাতালে ভর্তি হন। ভোর চারটে নাগাদ তাঁর জীবনাবসান হয়। জনপ্রিয় এই মন্ত্রীর প্রয়াণে গিরিডি সহ সমগ্র ঝাড়খণ্ডে শোকের ছায়া নেমে এসেছে। মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন গভীর শোক প্রকাশ করেন।

---------------------

মধ্যপ্রদেশের সাগর জেলায় বিষাক্ত মদ খেয়ে বেশ কয়েকজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। সাগরের মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক দেবেশ পাটেরিয়া জানিয়েছেন, এ পর্যন্ত ৯ থেকে ১০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বারো জনেরও বেশি হাসপাতালে চিকিৎসাধীন । মৃত ব্যক্তিরা বারাজ গ্রামের বাসিন্দা বলে জানা গেছে। দুর্ঘটনার পর সাগর জেলার পুলিশ সুপার সহ ঊর্ধ্বতন আধিকারিক এবং প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থলে পৌঁছন। পুলিশ পুরো বিষয়টি নিয়ে তদন্ত করছে।

-----------------------

নতুন দিল্লিতে বিভিন্ন নামি ব্রান্ডের জাল ওষুধের অবৈধ উৎপাদন ও বিতরণ সংক্রান্ত অনৈতিক কাজ বন্ধ করতে ‘সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন’ (CDSCO), দিল্লি পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা একজোটে কাজ করছে। ইতিমধ্যে , আইনি পদক্ষেপের অংশ হিসেবে, দিল্লি ক্রাইম ব্রাঞ্চ চলতি বছরের এপ্রিল মাসে দিল্লির একটি লাইসেন্সবিহীন দোকান থেকে জাল র‍্যাবিস (জলাতঙ্ক) টিকা বাজেয়াপ্ত করেছিল। এক বিজ্ঞপ্তির মাধ্যমে, ‘ড্রাগস কন্ট্রোলার জেনারেল অফ ইন্ডিয়া’ (DCGI) সমস্ত রাজ্যের ওষুধ নিয়ন্ত্রকদের (State Drugs Controllers) ঐ নির্দিষ্ট টিকার ব্যাচটির বিতরণের ওপর কঠোর নজরদারি চালানোর অনুরোধ জানিয়েছে।

অন্যদিকে, DCGI বলেছে, সংশ্লিষ্ট ব্যাচের কোনো ওষুধ অন্য কোনো দেশে রপ্তানি করা হয়নি। হাসপাতাল, ক্লিনিক এবং সরকারি স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োগ করা টিকাগুলি শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত ফার্মেসির মাধ্যমেই সরবরাহ করা হয়। এই ঘটনায় দিল্লি পুলিশ চারজনকে গ্রেপ্তার করেছে।

-----------------------

উত্তর প্রদেশের ২৪টি জেলায়, ভারী বৃষ্টিপাত এবং বিভিন্ন ব্যারাজ থেকে জল ছাড়ার কারণে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে । বদাউন, গাজিপুর ও বালিয়া জেলায় গঙ্গা বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং ফারুখাবাদে এটি বিপদসীমার কাছাকাছি পৌঁছেছে। অন্যদিকে শারদা এবং ঘর্ঘরা নদীও বিপদসীমা অতিক্রম করার কারণে পার্শ্ববর্তী এলাকা প্লাবিত।

-----------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর আইএমডি আজ পশ্চিমবঙ্গ, বিহার, কর্ণাটকের অভ্যন্তরীণ এলাকা, জম্মু ও কাশ্মীর, লাদাখ, মধ্যপ্রদেশ, রাজস্থান, সিকিম এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বজ্রপাত ও দমকা হাওয়া সহ ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

-----------------------

হরমুজ প্রণালীর একটি নিষিদ্ধ পথ দিয়ে চলাচলকারী তিনটি তেলবাহী ট্যাঙ্কার এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্ত তিনটি জাহাজের ওপর হামলা চালানো হয়েছে বলে ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কোর IRGC -র নৌ সেনা দাবি করেছে। এর আগে পারস্য উপসাগর এবং ওমান সাগরে মার্কিনি হামলায় ইরানের তিনটি ট্যাঙ্কার ক্ষতিগ্রস্ত হওয়ার পর ইরানের পাল্টা হামলায় ওই অঞ্চলে নতুন করে উত্তেজনা বেড়েছে। হরমুজ প্রণালী এবং সংলগ্ন অঞ্চল দিয়ে চলাচলকারী জাহাজগুলিকে অননুমোদিত জলপথ এড়িয়ে চলার জন্য IRGC সতর্ক করেছে।

এদিকে মার্কিন সেন্ট্রাল কম্যান্ড জানিয়েছে , যুক্তরাষ্ট্রেরএকটি বিমানবাহী রণতরী এবং একটি মিসাইল ডেস্ট্রয়ার ইরানের হামলা সফল ভাবে এড়িয়েছে। এতে কোনো মার্কিন কর্মী আহত হননি। ইরানের অপরিশোধিত তেলবাহী ট্যাঙ্কার গুলি মার্কিন বিরোধী হামলায় অর্থ যোগাতো বলে তাদের অভিযোগ।

তেহরানের বাণিজ্যিক জাহাজের ওপর মার্কিনী হামলায় তীব্র নিন্দা করেছে ইরান। নিজেদের সার্বভৌমত্ব রক্ষায় ওয়াসিংটনের হস্তক্ষেপ কোনো ভাবেই মেনে নেওয়া হবে না বলে ইরান স্পষ্ট বার্তা দিয়েছে।

-----------------------

সংঘাতদীর্ণ ওয়েস্ট ব্যাঙ্কে ইজরায়েলের বসতি স্থাপনকারীদের হিংসার ঘটনার তীব্র নিন্দা করেছেন ইজরায়েলে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক হুকাবি। গত কয়েক মাস ধরে ওই অঞ্চলে চলা ধারাবাহিক ঘটনায় আতঙ্কিত প্যালেস্তিনীয় – মার্কিন বাসিন্দাদের সঙ্গে সাক্ষাতের সময় তিনি একথা বলেন। তাদের ওপর ইজরায়েলের ক্রমাগত হামলাকে সন্ত্রাসবাদী কার্যকলাপ হিসেবে চিহ্নিত করেন তিনি। হুকাবি বলেন, কেউ যদি অনধিকার প্রবেশ করে নিজেদের পতাকা ওড়ায়, গাড়ি বা মসজিদ পুড়িয়ে দেয়, বাড়িতে ঢুকে ভাঙচুর করে, তবে তাকে কেবল অপরাধমূলক কাজ বলা যায় না। ওই অঞ্চলে যা চলছে তা স্পষ্টতই সন্ত্রাসবাদী আচরণ বলে উল্লেখ করেন তিনি।

-----------------------

রুশ-ইউক্রেন যুদ্ধে শান্তি প্রক্রিয়া নিয়ে আলোচনা করতে মার্কিনী মধ্যস্থতাকারীরা আজ ইউক্রেনের কিভে যাচ্ছেন। ইউক্রেনের রাজধানীতে এটিই তাঁদের প্রথম সফর। এর আগে গতকাল ক্রেমলিনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন মার্কিন দূত স্টিভ উইটকফ ও জ্যারেড কুশনারের সঙ্গে বৈঠক করেন। আলোচনার পর প্রেসিডেন্ট পুতিন কিয়েভের ওপর রুশ হামলা তিন দিনের জন্য স্থগিত রাখার নির্দেশ দেন। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি জানিয়েছেন, আগামীকাল পর্যন্ত মস্কোর ওপর হামলা বন্ধ রাখতে ইউক্রেনও প্রস্তুত।

-----------------------

মিশরে, মাদক পাচারের দায়ে অভিযুক্ত টেলিভিশন উপস্থাপিকা সারা খলিফা ও আরও ১১ জন দোষী সাব্যস্ত হওয়ায় তাদের বিরুদ্ধে মৃত্যুদণ্ড ঘোষণা করা হয়েছে ।

অবৈধ মাদক উৎপাদন ও কাঁচামাল আমদানি এবং বেআইনি আগ্নেয়াস্ত্র মজুত রাখা সহ একটি অপরাধী সংগঠন পরিচালনার অভিযোগে আদালত তাদের দোষী সাব্যস্ত করে। যদিও 'মিশন ইম্পসিবল' (Mission Impossible) নামক অপরাধ-বিষয়ক টিভি অনুষ্ঠানের উপস্থাপিকা সারা খলিফা তাঁর বিরুদ্ধে আনা সব অভিযোগ অস্বীকার করেছেন। অন্যদিকে দণ্ডপ্রাপ্তদের এই রায়ের বিরুদ্ধে আপিল করার সুযোগ এখনো রয়েছে বলে জানা গেছে ।

উল্লেখ্য, অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের মতো বিভিন্ন মানবাধিকার সংস্থা মিশরে বিপুল সংখ্যক মৃত্যুদণ্ড প্রদানের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে।

-----------------------

পশ্চিম ইরানে একটি জ্বালানিবাহী ট্যাঙ্কার বিস্ফোরণে ১১ জনের প্রাণহানি। আহত ৭। কুর্দি শহর সানান্দাজের কাছে একটি ট্রাফিক পুলিশ স্টেশনের কাছে কয়েকটি গাড়ির সঙ্গে সংঘর্ষের পর ট্যাঙ্কারটিতে আগুন ধরে যায়। গাড়ির ব্রেকে যান্ত্রিক ত্রুটি ছিল বলে প্রাথমিক রিপোর্টে উল্লেখ। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

-----------------------

গ্রীসের এথেন্সে একটি এয়ার শো চলাকালীন সে দেশের বিমানবাহিনীর একটি এফ-ফোর ফ্যান্টম যুদ্ধবিমান ভেঙে পড়লে দুই পাইলটের মৃত্যু হয়েছে। সরকারি সূত্র উদ্ধৃত করে সংবাদ সংস্থা রয়টার্স একথা জানিয়েছে। জানা গেছে এথেনসের উত্তরে

তানাগ্রা বিমানঘাঁটিতে একটি এয়ার শো এর আয়োজন করা হয়েছিল। মাটি থেকে মাত্র কয়েক মিটার উঁচুতে ডানদিকে বাঁক নেওয়ার মুহূর্তেই যুদ্ধবিমানটি মাটিতে আছড়ে পড়ে। সেটিতে তৎক্ষণাৎ আগুন লেগে যায়।

---------------------

চীনের জিয়াংজি প্রদেশের জিয়ান শহরে ভূমিধ্বসের ঘটনায় দুজন প্রাণ হারিয়েছেন এবং আরও দশজন এখনো নিখোঁজ। টাইফুন সাউদেল-এর প্রভাবে টানা কয়েক দিনের ভারী বর্ষণের ফলে এই দুর্ঘটনা ঘটে। উদ্ধারকারীরা আজ ধ্বসে পড়া একটি বাড়ি থেকে নিখোঁজ এক ব্যক্তির দেহ উদ্ধার করেছেন। এছাড়া আরও দুজনকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়েছে ।তাঁদের শারীরিক অবস্থা স্থিতিশীল।

---------------------

ভারতের সাত্বিক সাইরাজ র‍্যাঙ্কিরেড্ডি ও চিরাগ শেঠী জুটি তৃতীয়বারের মতো চায়না মাস্টার্স ব্যাডমিন্টন প্রতিযোগিতার ফাইনালে উঠেছেন।

এশিয়ান গেমসে সোনা জয়ী এই জুটি আজ ফাইনালে চীনের হি জি টিং ও রেন শিয়াং ইউ-এর মুখোমুখি হবেন । খেলা শুরু হবে ভারতীয় সময় দুপুর ১-টা বেজে ৫০ মিনিটে।

--------------------- ---------------------